বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
www. bb.org.bd

এফ ই সার্কুলার নম্বর-১১

তারিখঃ ২৫ বৈশাখ, ১৪২৫ / ০৮ মে, ২০১৮

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

কমার্শিয়াল আইআরসি এর আওতায় ডেফার্ড পেমেন্ট এর মাধ্যমে পণ্য আমদানির লক্ষ্যে ঋণপত্র স্থাপন প্রসঙ্গে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স (GFET)-২০১৮, ভলিউম-১ এর অধ্যায়-৭ এর অনুচ্ছেদ ৩৩(এ)(৫) এর প্রতি বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত অনুমোদিত ডিলার ব্যাংকের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে যেখানে অনুমোদিত ডিলার ব্যাংকসমূহকে জীবন রক্ষাকারী ঔষধ (ঔষধ প্রশাসন কর্তৃক ঘোষিত/প্রত্যায়িত) আমদানিকল্পে ৯০দিন বিলম্বে মূল্য পরিশোধ ব্যবস্থায় ঋণপত্র স্থাপনের প্রাধিকার দেয়া হয়েছে।

০২। এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বাণিজ্যিক ভিত্তিতে চক্ষু চিকিৎসার অত্যাবশ্যকীয় উপকরণ Intraocular Lens সহ Opthalmic Medical Equipment আমদানিকল্পে ৯০দিন বিলম্বে মূল্য পরিশোধ ব্যবস্থায় ঋণপত্র স্থাপন করা যাবে।

০৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯